

২০২৬

বাংলা — সাম্মানিক

পত্র : SEC-2

(ব্যবহারিক বাংলা-১)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) বাংলা ভাষার উচ্চারণের মূল সূত্রগুলি আলোচনা করো এবং আবৃত্তিচর্চায় সঠিক স্বরক্ষেপণের ভূমিকা ব্যাখ্যা করো। ১০+৫

অথবা

- (খ) দিনপঞ্জি রচনার গুরুত্ব ও প্রয়োজনীয়তা কী? একটি সাহিত্য হয়ে ওঠা বাংলা দিনপঞ্জির উদাহরণ দিয়ে তার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৫+১০

- ২। (ক) বিষয়বস্তু লিখন বা কনটেন্ট রাইটিং বলতে কী বোঝো? ডিজিটাল মাধ্যমের জন্য কনটেন্ট রচনার বিভিন্ন প্রকারভেদ ও কৌশল সংক্ষেপে আলোচনা করো। ৫+১০

অথবা

- (খ) গ্রন্থ সমালোচনার রীতি ও পদ্ধতিগুলি আলোচনা করো। একটি সমালোচনা-গ্রন্থের উদাহরণ দিয়ে আলোচনা করো কীভাবে তার মধ্যে ঐ রীতি ও পদ্ধতিগুলি অনুসরণ করা হয়েছে। ১০+৫

- ৩। (ক) অনুবাদ বলতে কী বোঝো? অনুবাদের প্রয়োজনীয়তা সম্পর্কে লেখো। অনুবাদের প্রকারভেদ বিষয়ে আলোকপাত করো। ২+৮+৫

অথবা

- (খ) বাংলায় অনুবাদ করো — ১৫

True freedom is not merely the absence of external restraint, but the presence of self-mastery. A civilized society depends less on the rigid enforcement of laws and more on the inner cultivation of mutual respect and compassion among its citizens. When education fails to nurture the human heart alongside the intellect, progress becomes destructive. Therefore, true wisdom lies in uniting scientific advancement with moral integrity, ensuring that human creation serves to uplift rather than diminish life.

- ৪। (ক) কোনো একজন মানুষের লেখা দিনপঞ্জি ব্যক্তিগত হওয়া সত্ত্বেও কখনো কখনো এরকম রচনার পাঠক সমাজ তৈরি হয়। —
কেমনভাবে এটি সম্ভব হয় বলে তোমার মনে হয়? ৫

অথবা

- (খ) আজকের প্রযুক্তিনির্ভর পৃথিবীতে পত্রসাহিত্য রচনা সুবিধাজনক নাকি অসুবিধাজনক বলে তোমার মনে হয়, আলোচনা করো। ৫

Please Turn Over

(7431)

৫। যে-কোনো একটি বিষয়ে কনটেন্ট/প্রবন্ধ রচনা করো—

৫×১

- (ক) সামাজিক মাধ্যম ও আজকের যুবসমাজ।
- (খ) সাইবার সুরক্ষা এবং আমাদের সতর্কবার্তা।

৬। (ক) অনুবাদের ক্ষেত্রে সমস্যাগুলি আলোচনা করো।

৫

অথবা

(খ) অনুবাদ কি দুধের স্বাদ ঘোলে মেটানো? — তোমার মতামত দাও।

৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও —

১×১৫

- (ক) একটি বাংলা পত্রিকাব্যের নাম লেখো।
- (খ) দিনপঞ্জি রচনার শুরুতে কোন দুটি তথ্য উল্লেখ করা আবশ্যিক?
- (গ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের রচিত একটি দিনপঞ্জিধর্মী রচনার নাম লেখো।
- (ঘ) আবৃত্তিচর্চায় কথা বলার গতি নিয়ন্ত্রণকে কী বলা হয়?
- (ঙ) বাংলা ভাষায় ‘শ’, ‘ষ’, ‘স’— এই তিনটি বর্ণের উচ্চারণে মান্য বাংলায় সাধারণত কোন ধ্বনিটি উচ্চারিত হয়?
- (চ) ‘অ’ ধ্বনির উচ্চারণ যখন ‘ও’-এর মতো হয়, তখন তাকে কী উচ্চারণ বলে?
- (ছ) গ্রন্থ সমালোচনার মূল উদ্দেশ্য কী?
- (জ) একজন আদর্শ গ্রন্থ সমালোচকের প্রধান নৈতিক গুণ কী হওয়া উচিত?
- (ঝ) ডিজিটাল মাধ্যমে কোনো ব্র্যান্ডের, পণ্য-প্রচারের জন্য লেখা বিশেষ কনটেন্টকে কী বলা হয়?
- (ঞ) মূল টেক্সটের প্রতিটি শব্দের হুবহু অনুবাদকে কোন ধরনের অনুবাদ বলা হয়?
- (ট) মধ্যযুগে অনূদিত ‘পদ্মাবতী’ কাব্যটি কোন কবির করা অনুবাদ সাহিত্য?
- (ঠ) “A blessing in disguise”— এই প্রবাদটির প্রচলিত বাংলা ভাবানুবাদ কী হবে?
- (ড) বাংলা কবিতার একজন জনপ্রিয় আবৃত্তিকারের নাম লেখো।
- (ঢ) আবৃত্তিচর্চা সংক্রান্ত একটি বাংলা গ্রন্থের নাম লেখো।
- (ণ) বুদ্ধদেব বসুর রচিত একটি সমালোচনামূলক গ্রন্থের নাম লেখো।